



## নির্দেশিকা

লগইন পেইজে ফিরুন

**১লা জুলাই ২০২১** তারিখ হতে যেকোন মাধ্যমে; যেমন বিক্রয় কেন্দ্র, ই-কমার্স সাইট ইত্যাদি হতে যেকোন মোবাইল হ্যান্ডসেট ক্রয়ের পূর্বে অবশ্যই হ্যান্ডসেটটির বৈধতা যাচাই করবেন এবং ক্রয়কৃত হ্যান্ডসেট এর রশিদ সংরক্ষণ করবেন। আপনার মোবাইল বা হ্যান্ডসেটটি বৈধ হলে তা স্বয়ংক্রিয়ভাবে এনইআইআর সিস্টেমে নিবন্ধিত হয়ে যাবে।

**ধাপ ১** - আপনার মোবাইল ফোনের মেসেস অপশনে গিয়ে KYD লিখে একটি Space দিয়ে ১৫ ডিজিটের IMEI নম্বরটি লিখুন। উদাহরণস্বরূপঃ KYD 123456789012345

**ধাপ ২** - IMEI নম্বরটি লিখার পর ১৬০০২ নম্বরে প্রেরণ করুন।

**ধাপ ৩** - স্বয়ংক্রিয়ভাবে তাৎক্ষণিক ফিরতি মেসেস এর মাধ্যমে মোবাইল হ্যান্ডসেটের বৈধতা সম্পর্কে জানতে পারবেন।

বিদেশ থেকে ব্যক্তি পর্যায়ে বৈধভাবে ক্রয়কৃত অথবা উপহারপ্রাপ্ত মোবাইল হ্যান্ডসেট স্বয়ংক্রিয় ভাবে নেটওয়ার্কে সচল থাকবে। ১০ দিনের মধ্যে অনলাইনে তথ্য বা প্রয়োজনীয় দলিল প্রদান করার জন্য এস এম এস প্রদান করা হবে। দশ দিনের মধ্যে নিবন্ধন সম্পন্ন করলে উক্ত হ্যান্ডসেট বৈধ হিসেবে

বিবেচিত হবে। উক্ত সময়ের মধ্যে নিবন্ধন সম্পন্ন না করা হলে হ্যান্ডসেটটি বৈধ হিসেবে বিবেচিত হবে না এবং সেগুলো সম্পর্কে গ্রাহককে এসএমএস মাধ্যমে অবহিত করে পরীক্ষাকালীন সময়ের জন্য নেটওয়ার্কে সংযুক্ত রাখা হবে। পরীক্ষাকালীন সময় অতিবাহিত হলে সরকারের সিদ্ধান্ত অনুযায়ী পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।

দেখে নেয়া যাক, বিদেশ থেকে ক্রয়কৃত অথবা উপহারপ্রাপ্ত মোবাইল হ্যান্ডসেট প্রয়োজনীয় তথ্যাদি প্রদানের মাধ্যমে স্থায়ী ভাবে নিবন্ধন করার প্রক্রিয়া:

**ধাপ ১** - [neir.btrc.gov.bd](http://neir.btrc.gov.bd) লিঙ্কে ভিজিট করে আপনার ব্যক্তিগত একাউন্ট রেজিস্টার করুন।

**ধাপ ২** - পোর্টাল এর Special Registration সেকশনে গিয়ে মোবাইল হ্যান্ডসেট এর IMEI নম্বরটি দিন।

**ধাপ ৩** - প্রয়োজনীয় ডকুমেন্ট এর ছবি / স্ক্যান কপি (অপশনে যা যা চাওয়া হয়; যেমনঃ পন্য ক্রয়ের রশিদ, চালান পত্র, পাসপোর্টে ভিসার কপি, ইমিগ্রেশন কপি ইত্যাদি) আপলোড করুন এবং Submit বাটন-টি প্রেস করুন।

**ধাপ ৪** - মোবাইল হ্যান্ডসেটটি বৈধ হলে স্বয়ংক্রিয়ভাবে নিবন্ধিত হবে। হ্যান্ডসেটটি বৈধ না হলে এসএমএস এর মাধ্যমে আপনাকে অবহিত করে পরীক্ষাকালীন সময়ের জন্য নেটওয়ার্কে সংযুক্ত রাখা হবে। পরীক্ষাকালীন সময় অতিবাহিত হলে সরকারের সিদ্ধান্ত অনুযায়ী পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে। বিকল্প হিসেবে মোবাইল অপারেটরের নিকটস্থ কাস্টমার কেয়ার সেন্টারের সাহায্যে বর্ণিত সেবাটি গ্রহণ করা যাবে।

এক্ষেত্রে মনে রাখা আবশ্যিক, বিদ্যমান ব্যাগেজ রুলস অনুযায়ী একজন ব্যক্তি বিদেশ থেকে শুক্লবিহীন সর্বমোট ২ টি এবং শুক্ল প্রদান সাপেক্ষে আরও ৬ টি মোবাইল হ্যান্ডসেট আনতে পারবেন।

এনইআইআর এর পরীক্ষামূলক সময়কালে তিন মাস ডি-রেজিস্ট্রেশন ছাড়াই হ্যান্ডসেট অন্যের নিকট হস্তান্তর করা যাবে। উল্লেখ্য যে, একজন গ্রাহক নিজ নামে রেজিস্ট্রিকৃত যেকোন সিম দিয়ে যেকোন হ্যান্ডসেট ব্যবহার করতে পারবেন। পরীক্ষামূলক সময় অতিবাহিত হলে, ডি-রেজিস্ট্রেশন সম্পর্কে বিস্তারিত জানানো হবে।

আসুন, সর্বশেষ জেনে নেই, আপনি আপনার ব্যবহৃত মোবাইল হ্যান্ডসেট এর বর্তমান অবস্থা কিভাবে যাচাই করবেন?

- ধাপ ১** - মোবাইল হ্যান্ডসেটটির ডায়াল অপশনে গিয়ে \*১৬১৬১# নম্বরে ডায়াল করুন।
- ধাপ ২** - স্ক্রিনে প্রদর্শিত অপশন হতে Status Check অপশন সিলেক্ট করুন।
- ধাপ ৩** - একটি অটোমেটিক বক্স আসবে, সেখানে মোবাইল হ্যান্ডসেটটির ১৫ ডিজিটের IMEI নম্বরটি লিখে প্রেরণ করুন।
- ধাপ ৪** - হ্যাঁ অথবা না অপশন সম্বলিত একটি অটোমেটিক বক্স আসবে; নিশ্চিত করার জন্য হ্যাঁ Select করুন।
- ধাপ ৫** - স্বয়ংক্রিয়ভাবে তাৎক্ষণিক ফিরতি মেসেজ এর মাধ্যমে মোবাইল হ্যান্ডসেটটির হালনাগাদ জানানো হবে।

বিকল্প পদ্ধতি হিসেবে, [neir.btrc.gov.bd](http://neir.btrc.gov.bd) লিঙ্কের মাধ্যমে বিদ্যমান সিটিজেন পোর্টাল অথবা মোবাইল অপারেটরের নিকটস্থ কাস্টমার কেয়ার সেন্টারের সাহায্যে বর্ণিত সেবা গ্রহণ করা যাবে

Copyright © 2021 Bangladesh Telecommunication Regulatory Commission (BTRC)

Managed by **Synesis IT**   